যুগান্তর
প্রিন্ট: ২৯ এপ্রিল ২০২৫, ০৮:০২ এএম

শিক্ষাঙ্গন

# রাবির ‘সি’ ইউনিটে আসনপ্রতি লড়ছেন ৬৫ জন

রাবি প্রতিনিধি
প্রকাশ: ২৬ এপ্রিল ২০২৫, ০১:৪০ পিএম



Grameenphone
আপনজনের খেয়াল রাখুন আলো দিয়ে

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। শনিবার বেলা ১১টা থেকে শুরু হয়ে দুই ধাপে চলছে এ পরীক্ষা। প্রথম ধাপে বেলা ১১টা থেকে দুপুর ১২টা এবং দ্বিতীয় ধাপে দুপুর আড়াইটা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত পরীক্ষা চলবে। এ পরীক্ষার মধ্যে দিয়ে এবারের রাবির ভর্তি পরীক্ষা শেষ হবে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, সি ইউনিটে মোট আসন সংখ্যা এক হাজার ৫১৬টি। দেশের পাঁচটি আঞ্চলিক কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছেন ৯৮ হাজার ৮২০ জন ভর্তিচ্ছু। সেই হিসাবে আসন প্রতি প্রতিদ্বন্দ্বিতা করছেন প্রায় ৬৫ পরীক্ষার্থী।

ভর্তি পরীক্ষা উপলক্ষে সকাল থেকে রাবি ক্যাম্পাসে জড়ো হতে থাকে শিক্ষার্থী ও অভিভাবকেরা। সকাল সাড়ে ১০টার দিকে পরীক্ষার্থীরা সারিবদ্ধ হয়ে কেন্দ্রে প্রবেশ করেন। কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা ছাড়ায় রাবিতে প্রথম ধাপের পরীক্ষা শেষ হয়।

রাবি উপাচার্য অধ্যাপক সালেহ হাসান নকীব বলেন, 'পরীক্ষা পরিচালনার জন্য আমরা রাজশাহীর বাহিরের টিমগুলোর সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখছি। কেউ যদি অসদুপায় অবলম্বন করে তাহলে তাকে আইনের আওতায় নিয়ে আসা হবে।'